মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালিত

আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে আজ সোমবার সকাল দশটার দিকে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান (সিএএমপিই) যৌথভাবে এ সভার আয়োজন করে। সমাজ সেবক মোঃ শহিদুল্লাহ এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর এর সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা।

সভায় সাক্ষরতা দিবসের উদ্দেশ্য ও স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

আরো বক্তব্য রাখেন সাবেক পৌর কাউন্সিলর আব্দুর রহিম,আব্দুর রকিব ও আকতার হোসেন। সভায় ধারনা পত্র উপস্থাপনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মেদ। আলোচনার আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

সভায় মেহেরপুর জেলায় সাক্ষরতার হার, বর্তমান মেহেরপুরের ঝরেপড়া রোধ ও সার্বিক বিভিন্ন বোর্ড পরিক্ষার ফলাফলের উপর ব্যাপক আলোচনা করা হয়।

মেহেরপুরে ভোক্তার অভিযানে ৩ প্রতিষ্ঠানে ৩৫ হাজার টাকা

জরিমানা

মেহেরপুর শহরের শাহাজিপাড়ায় অভিযান চালিয়ে মিলন স্টোরকে ১০ হাজার, মেসার্স ইসরাইল এন্টারপ্রাইজকে ১৫ হাজার টাকা এবং গাজী হোম ডেলিভারিকে ১০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার (৮ সেপ্টেম্বর) সকালে এ অভিযানে ৩ প্রতিষ্ঠানের কাছ থেকে ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযান সূত্রে জানা যায়, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স না নিয়ে ব্যবসা পরিচালনা এবং পণ্যের উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণ তারিখসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যবিহীন শিশু খাদ্য (চিপস, জুস, লজেন্স) বাজারজাত ও বিক্রয় করার কারণে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭, ৪৫ ও ৫২ ধারায় মিলন স্টোরকে ১০ হাজার টাকা, মেসার্স ইসরাইল এন্টারপ্রাইজকে ১৫ হাজার টাকা এবং গাজী হোম ডেলিভারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। সর্বমোট ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং দ্রুততম সময়ে ত্রুটি সংশোধনের নির্দেশনা দেওয়া হয়।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন স্যানিটারি ইন্সপেক্টর মো. তারিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়।

মেহেরপুরে যৌথ অভিযানে হেরোইনসহ সাবেক সেনাসদস্য আটক

মেহেরপুরে সেনা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে সাবেক সেনা সদস্য চাঁদ আলীকে ৬০ গ্রাম হেরোইনসহ আটক করা হয়েছে। চাঁদ আলী মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের আব্দুল

কুদ্দুসের ছেলে।

সোমবার সকালে গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি যৌথ টিম তার বাড়িতে অভিযান চালিয়ে হেরোইনসহ তাকে আটক করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের উপপরিচালক রহমত আলী বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, সাবেক সেনা সদস্য চাঁদ আলী নিজ বাড়িতে মাদকদ্রব্য মজুদ করে তা বিক্রির প্রস্তুতি নিচ্ছিলেন এমন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মেহেরপুর সেনা ক্যাম্পের সদস্যরা তার বাড়িতে অভিযান চালান। এ সময় তার বসতবাড়ি থেকে পলিথিনে মোড়ানো ৬০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মামলা দিয়ে আদালতে প্রেরণের প্রস্তুতি চলছে।

মেহেরপুরে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

মেহেরপুরে নানা কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৫ পালিত হয়েছে।
‘প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রসার’ প্রতিপাদ্যে দিবসটি উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসন ও জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আয়োজনে অনুষ্ঠিত আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সুরাজুজ্জামান, সরকারি কলেজের প্রভাষক আশরাফুল ইসলাম, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রাহিম, জেলা কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম এবং মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক সেকেন্দার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী।

মেহেরপুরে আন্তর্জাতিক নীল আকাশের জন্য নির্মল বায়ু দিবস পালিত

আজ রবিবার আন্তজাতিক ‘নীল আকাশের জন্য নির্মল বায়ু’ দিবস উপলক্ষে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা, শপথ বাক্য পাঠ ও চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অ্যাকশন এইড বাংলাদেশ ও জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওর্য়াক বাংলাদেশ (জেটনেট বিডি)-এর সহযোগিতায় সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থা এই কর্মসূচির আয়োজন করে।

আজ সকাল ১১টায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সুবাহ্’র সভাপতি জনাব মুন্সি জাহাঙ্গীর জিন্নাত-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য রাখেন, সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব মঈন-উল-আলম, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব হাবিবুর রহমান, সহকারী প্রধান শিক্ষক জনাব হাফিজুর রহমান। বিষয় ভিত্তিক আলোচনা করেন, সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার এডমিন লুবনা ইয়াছমিন, প্রকল্প সমন্বয়কারী ফৌজিয়া সুলতানা।
আলোচনা শেষে ছাত্রীদের শপথ বাক্য পাঠ ও গাছের চারা বিতরণ করা হয়।

[redacted]

[redacted]

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৭ সেপ্টেম্বর) বিকেলে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের মীরপাড়া ও শেখ পাড়ায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এই কর্মসূচি পরিচালিত হয়। তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা জাসাসের সদস্য সচিব এ বাঁকা বিল্লাহ, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি আকসেদ আলী, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির রহমান, শ্যামপুর ইউনিয়ন বিএনপির ৪নং ওয়ার্ডের সভাপতি ফজলুর রহমান, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, ইউনিয়ন বিএনপির নেতা শামসুর রহমান সুইট, মারুফ, দবিরউদ্দিন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে বিদেশি অস্ত্র ,ওয়াকিটকি ও মাদকদ্রব্য

উদ্ধারসহ আটক ৩

মেহেরপুর শহরে সেনাবাহিনীর অভিযানে বিদেশি পিস্তল, খেলনা পিস্তল, ম্যাগাজিন, ওয়াকিটকি ও মাদকদ্রব্যসহ আকাশ ওরফে শাকিল, রায়হান এবং সজীব নামের তিন যুবককে আটক করা হয়েছে।

গতকাল শনিবার মধ্যরাত থেকে দুপুর পর্যন্ত শহরের হালদারপাড়া ও স্কুলপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করে হয়।

আটককৃতরা হলেন- মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়পাড়ার আব্দুর রশিদের ছেলে আকাশ ওরফে শাকিল (২৬), বোসপাড়ার জসীম উদ্দীনের ছেলে সজিব (২৭) এবং হালদারপাড়ার হামিদুর শেখের ছেলে রায়হান (৩৬)।

যৌথবাহিনীর সূত্র জানায়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মেহেরপুর আর্মি ক্যাম্পের নেতৃত্বে একটি সাঁড়াশি অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অস্ত্র, মাদক ও চাঁদাবাজিসহ বিভিন্ন মামলার আসামি আকাশ গ্যাংয়ের সদস্য আকাশ, রায়হান ও সজিবকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন, একটি নকল পিস্তল, তিনটি ওয়াকিটকি সেট ও চার্জার, মাদকদ্রব্য এবং মাদক ব্যবহারের সরঞ্জাম উদ্ধার করা হয়।

অভিযান শেষে আটক ব্যক্তিদের এবং জব্দকৃত মালামাল র্যাবের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনীতে জাল টাকাসহ ১ জন আটক

মেহেরপুরের গাংনীতে র্যাব-১২, সিপিসি-৩ এর অভিযানে ৪২ হাজার টাকার জাল নোট উদ্ধার হয়েছে। এ ঘটনায় আমিরুল ইসলাম খোকন (৪৪) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে র্যাব।

গতকাল শনিবার রাত ১২টার দিকে সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া (আবাসন) গ্রামে তার নিজ বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় ১ হাজার টাকা মূল্যমানের মোট ৪২টি জাল নোট, যার বাজার মূল্য ৪২ হাজার

টাকা, উদ্ধার করা হয়।

পরবর্তীতে আজ রবিবার সকলে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানী কমান্ডারের কার্যালয় ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩’র পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে সকল তথ্য জানা।

গ্রেফতারকৃত আমিরুল ইসলাম গাংনী পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের শিশিরপাড়া গ্রামের নিজাম উদ্দিন ও রাহেলা খতুনের ছেলে। বর্তমানে তিনি সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া (আবাসন) এলাকায় বসবাস করছিলেন।

র্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে খোকন স্বীকার করেছে, সে দীর্ঘদিন ধরে জাল টাকা তৈরির একটি চক্রের সঙ্গে জড়িত ছিল এবং বিভিন্ন স্থান থেকে জাল টাকা সংগ্রহ করে ক্রয়-বিক্রয় করত।

র্যাব-১২, সিপিসি-৩ এর পক্ষ থেকে জানানো হয়, গ্রেফতারকৃত খোকনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

র্যাবের কর্মকর্তারা আরও জানান, সমাজ থেকে অপরাধ দমনে র্যাবের অভিযান অব্যাহত থাকবে। পাশাপাশি তারা জনগণকে তথ্য দিয়ে সহযোগিতা করার আহ্বান জানান।

“মুজিবনগর ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ” (ওয়াইপিএজি)’র ত্রৈমাসিক সভা

এখনই সময় বাংলাদেশের সার্বিক উন্নয়নে যুবদের অংশগ্রহণ সঠিকভাবে নিশ্চিত করা। সেই লক্ষে সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপনকে সামনে রেখে আজ শনিবার ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি) এর উদ্যোগে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

এফসিডিও এর অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের উক্ত সভায় উপস্থিত ছিলেন, ওয়াইপিএজির কোঅর্ডিনেটর মো: রিয়াজ শেখ, সহ-সমন্বয়কারী মুক্তা খাতুন এবং নাদিম আনজুম রেজা, পিএফজি

কোঅর্ডিনেটর মো: ওয়াজেদ আলি খান এবং ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ এর অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত ত্রৈমাসিক সভায় পরবর্তী ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গ্রহণ করার বিষয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন, মাঠ সমন্বয়কারি মো: আশরাফুজ্জামান। সভায় ছাত্রদল, যুবদল, যুব সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ছাত্র/ছাত্রী উপস্থিত ছিলেন।

ত্রৈমাসিক সভায় সকলে শান্তি স্থাপন ও সহিংসতা নিরসনে অঙ্গিকারবদ্ধভাবে কাজ করতে যে সকল বিষয়সমূহ আলোচনার মাধ্যমে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয় তাতে সতস্ফুর্তভাবে অংশগ্রহণ করবে বলে মত প্রকাশ করেন। বিশেষ করে তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণে সকলের সতস্ফুূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরন ও প্রশিক্ষণ এর সফলতার বিষয়ে সার্বিক সহযোগিতার উদ্যোগ গ্রহণ করতে উৎসাহিত করা হয়।